**কালের কণ্ঠ**

তারিখ 16 OCT 2017

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# প্রশ্ন ফাঁসের অভিযোগ 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল দাবি

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগ ওঠায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে ২৪ ঘন্টার আলটিমেটাম দিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্রজোট। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় এক সংবাদ সম্মেলনে এই আলটিমেটাম দেন প্রগতিশীল ছাত্রজোটের বিশ্ববিদ্যালয় শাখার নেতারা।

আগামী ২৪ ঘন্টার মধ্যে পরীক্ষা বাতিল করা না হলে আজ সোমবার সাধারণ শিক্ষার্থীদের নিয়ে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন নেতারা। এরই অংশ হিসেবে আজ দুপুর ১২টায় বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে ওই ছাত্রজোট।

সংবাদ সম্মেলনে বলা হয়, গত শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। কেননা ওই দিন প্রশ্ন ফাঁস করার অভিযোগে পাঁচজন ভর্তীচ্ছুকে পুলিশে সোপর্দ করা হয়। তাদের কাছে যে ধরনের নথিপত্র ছিল তাতে প্রশ্নের সমাধান পাওয়া গেছে। এ ছাড়া নানা মাধ্যমে এমন খবরও পাওয়া গেছে যে ভর্তীচ্ছুদের অনেকে পরীক্ষার অনেক আগেই ঢাকার অনেক কেন্দ্রে প্রশ্নপত্র পেয়েছে।

সংবাদ সম্মেলনে প্রশাসনের উদ্দেশে বলা হয়, ফাঁস হওয়া প্রশ্নের পরীক্ষা বাতিল করে নতুন তারিখ ঘোষণা করতে হবে। সেই সঙ্গে বিশ্বাসযোগ্য তদন্ত কমিটির মাধ্যমে প্রশ্নপত্র জালিয়াতিতে জড়িত সবার দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রুহুল আমিন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি মুশফিকুল মুজাহিদ অনিক ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের (মার্ক্সবাদী) সভাপতি শরীফুল ইসলাম।